অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/22/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের মধ্যে 50 বছর এবং তার চেয়ে বেশি বয়সীদের COVID-19 টিকা গ্রহণের উপযুক্ত ঘোষণা করেছেন

নিউ ইয়র্কবাসীদের মধ্যে 50 বছর এবং তার চেয়ে বেশি বয়সীরা আগামীকাল সকাল 8টায় অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে পারেন

নিউ ইয়র্ক গণ টিকাদান সাইট এবং FEMA সাইটের মাধ্যমে আজ পর্যন্ত 1.65 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে

গত 24 ঘণ্টায় নিউ ইয়র্ক রাজ্য জুড়ে 1,03,425 ডোজ দেওয়া হয়েছে

গত সাত দিনে 1 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে

স্টেটের টিকা কর্মসূচি সম্পর্কে আপডেট তথ্য প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker এ যান

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে আগামীকাল সকাল 8টা থেকে শুরু হচ্ছে এবং নিউ ইয়র্কবাসীদের মধ্যে 50 বছর এবং তার চেয়ে বেশি বয়সীরা টিকা পাওয়ার যোগ্য হবেন। গত 24 ঘন্টায় নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক জুড়ে 103,425টি ডোজ প্রদান করা হয়েছে এবং গত সাত দিনে 1 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে। নিউ ইয়র্ক গণ টিকাদান সাইট এবং ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) সাইটের মাধ্যমে এখন পর্যন্ত 1.65 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে। 15 সপ্তাহের বরাদ্দকরণের বিতরণ এই সপ্তাহের মাঝামাঝি শুরু হবে।

"আমরা সারা স্টেটজুড়ে যোগ্যতা বাড়ানো, নতুন টিকা সাইট স্থাপন এবং সরবরাহকারীদের নতুন জনসংখ্যার কাছে পৌঁছানোর সুযোগ করে দেওয়ার মাধ্যমে টিকা প্রদান কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাচ্ছি। প্রতিদিন আরো নিউ ইয়র্কবাসীকে টিকা দেওয়া হচ্ছে, কিন্তু COVID দানবটিকে পরাজিত করে নিরাপত্তায় পৌঁছানোর আগে আমাদের এখনো অনেক পথ যেতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক সরবরাহ প্রত্যাশিত বৃদ্ধি সামলাতে প্রস্তুত, এবং আমরা COVID-19 মহামারিকালীন সময়ে নিউ ইয়র্কবাসীদের যোগ্যতাকে 50 বছর থেকে আরো বেশি বয়সীদেরকেও যোগ্য করে তোলার জন্য উৎসাহী।"

নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক ও যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকা সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থাযুক্ত ব্যক্তিদের জন্য 'আমি কি যোগ্য' স্ক্রিনিং টুলটি আপডেট করা হয়েছে এবং তার সাথে পরবর্তী সপ্তাহগুলিতে রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট প্রকাশ করা হবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত সত্যায়ন

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ।

স্টেটজুড়ে তালিকা

প্রদান করা মোট ডোজগুলি - 7,737,230
গত 24 ঘন্টায় প্রদান করা মোট ডোজ - 103,425
গত 7 দিনে প্রদান করা মোট ডোজ - 1,037,382
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 26.1%
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকা ডোজ পেয়েছেন - 13.4%

	অন্তত একটি টিকার ডোজ নেওয়া ব্যক্তি		**সম্পূর্ণ টিকার সিরিজ সহ মানুষ**	
অঞ্চল	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**
Capital Region	322,279	3,784	159,185	1,810
Central New York	283,395	4,553	156,511	2,556
Finger Lakes	329,918	3,510	163,338	1,877
Long Island	601,877	9,090	326,227	3,689
Mid-Hudson	511,939	8,134	242,125	2,231
Mohawk Valley	141,018	1,882	75,481	911
New York City	2,327,659	26,525	1,212,400	22,477

North Country	154,648	986	88,896	956
Southern Tier	178,697	2,019	91,129	822
Western New York	346,683	5,464	177,399	1,228
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	5,198,113	65,947	2,692,691	38,557

	নিউ ইয়র্কের প্রোভাইডারদের সম্পূর্ণভাবে 1ম ডোজ সরবরাহ করা হয়েছে	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে	মোট	ক্রমবর্ধমান
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20	163,650	0	163,650	163,650
সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 – 12/27	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3 আসন্ন ডোজগুলি 12/28 – 01/03	227,395	0	227,395	843,170
সপ্তাহ 4 ডোজ আসছে 01/04 – 01/10	239,025	165,150	404,175	1,247,345
সপ্তাহ 5 ডোজ আসছে 01/11 – 01/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6 ডোজ আসছে 01/18– 01/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07	321,850	220,720	542,570	3,343,625
সপ্তাহ 9 ডোজ আসছে 02/8 – 02/14	320,000	244,500	564,500	3,908,125

সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 - 2/21	356,990	265,525	622,515	4,530,640
সপ্তাহ 11 ডোজ আসছে 2/22 - 2/28	393,530	305,780	699,310	5,229,950
সপ্তাহ 12 ডোজ আসছে 03/01 - 03/07	1,020,660	290,500	1,311,160	6,541,110
সপ্তাহ 13 এর ডোজ আসছে 03/08 - 03/14	618,880	526,415	1,145,295	7,686,405
সপ্তাহ 14 এর ডোজ আসছে 03/15 - 3/21	699,790	584,775	1,284,565	8,970,970

যে সকল নিউ ইয়র্কবাসী যোগ্যতা নির্ধারণ করতে এবং স্টেট পরিচালিত একটি গণ টিকাদান সাইটে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটি ভিজিট করতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে অথবা যেখানে টিকা উপলভ্য আছে সেখানে কল করতে পারেন।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করার জন্য টিকা প্রদানের ফ্যাসিলিটি প্রয়োজন; স্টেটের টিকাদান প্রচেষ্টার সবচেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেল করতে পারেন। স্টেট পুরোপুরি যোগ্য জনগণকে টিকা দেওয়ার জন্য কাজ করে বলে নিউ ইয়র্ককারীদের সুবিধা নেওয়া হচ্ছে না তা নিশ্চিত করার জন্য হটলাইনের কর্মীরা উপযুক্ত তদন্তকারী এজেন্সিগুলিতে অভিযোগের দিকে নজর রাখবেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন